দৈনিক খবর

তারিখ 23 NOV 1991
পৃষ্ঠা 2 কলাম 2

56

# সংসদীয় কমিটিকে পাশ কাটিয়ে কলেজ ছাত্র সংসদের নির্বাচন হচ্ছে

—তোফায়েল

।। স্টাফ রিপোর্টার ।।

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও শিক্ষাঙ্গনকে সন্ত্রাস মুক্ত করার লক্ষ্যে গঠিত সংসদীয় কমিটির সদস্য তোফায়েল আহমেদ বলেছেন, সংসদীয় কমিটির আলোচনাকে পাশ কাটিয়ে কলেজ ছাত্র সংসদ নির্বাচন করা হচ্ছে। নির্বাচনে সরকারী ছাত্র সংগঠন কর্তৃক জোরপূর্বক জয়লাভের চেষ্টার ফলশ্রুতিতেই সন্ত্রাস অব্যাহতভাবে কেবলি বাড়ছে।

গতকাল শুক্রবার এক বিবৃতিতে তিনি আরও বলেন, বর্তমান ক্ষমতাসীন সরকারের ৯ মাসের শাসনামলে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অধিকাংশ শিক্ষাঙ্গনে সন্ত্রাস এবং সমগ্র দেশব্যাপী খুন, গুম, অপহরণ, ধর্ষণ, লুটতরাজ, দুর্ভিক্ষ, ঘুষ, দুর্নীতি, স্বজনপ্রীতি, আইন-শৃংখলা পরিস্থিতির চরম অবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, দানবীর পেশী শক্তির সন্ত্রাসে আজ শিক্ষা জীবন বিপন্ন, পদে পদে মৃত্যুর ঝুঁকি, ঢাকা বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজ, সলিমুল্লাহ মেডিকেল কলেজ, চট্টগ্রাম বিআইটিসহ দেশে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান সরকারী ছাত্র সংগঠন ও ইসলামী ছাত্র শিবিরের সন্ত্রাসীদের কাছে জিম্মি। তাদের সন্ত্রাসের ফলে আজ প্রায় দু'শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে। প্রতিদিনের পত্রিকার পাতায় চোখ রাখলেই শিক্ষা জীবনের অন্ধকারাচ্ছন্ন সন্ত্রাসী চেহারা ফুটে উঠে। স্বাধীনতা উত্তর বাংলাদেশে শিক্ষাঙ্গনে এমন বিপর্যয় আর কখনো নেমে আসেনি। আজ সন্তানের সোনালী ভবিষ্যতের জন্য অভিভাবকেরা বিচলিত, উৎকণ্ঠিত এবং হতাশার অন্ধকারে নিমজ্জিত। সন্তান মানুষ হয়ে ফিরে আসাতো দূরের কথা, কখন যে ঘাতকের বুলেট বিদ্ধ হয়ে লাশ হয়ে মায়ের বুকে ফিরে সেটাই সার্বক্ষণিক ভাবনা।

তিনি বলেন, সাধারণতঃ কলেজে প্রথম বর্ষে ছাত্র ভর্তি হওয়ার পরেই কলেজ সংসদ নির্বাচন হয়। কিন্তু আমরা লক্ষ্য করছি যে, এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর কলেজে ভর্তি হওয়ার আগেই বিভিন্ন কলেজ সংসদে নির্বাচনের তারিখ ঘোষণা করা হচ্ছে এবং এই সমস্ত নির্বাচনে সরকারী ছাত্র সংগঠন জোরপূর্বক জয়লাভের চেষ্টার ফলশ্রুতিতে সন্ত্রাস অব্যাহতভাবে বেড়ে যাচ্ছে। তিনি বলেন, সংসদীয় কমিটিতে আলোচনা হয়েছিল নতুন ছাত্র ভর্তি না হওয়া পর্যন্ত কলেজ সংসদগুলোর নির্বাচন স্থগিত থাকা উচিৎ। কিন্তু বাস্তব অর্থে সেই আলোচনা গুরুত্বহীন হয়ে পড়েছে। তিনি নতুন ছাত্র ভর্তি না হওয়া পর্যন্ত কলেজ সংসদ নির্বাচন স্থগিত রাখার দাবী জানিয়ে বলেন, জননেত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস মুক্ত শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত করেছেন।